

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতির মাসিক (জানুয়ারি ২০২২) বিবৃতি

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি এখনও বিরাজমান, কিন্তু আমরা ফুটবলের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করছি। আমরা যথাসময়ে ‘বাংলাদেশ প্রিমিয়ার ফুটবল লীগ ২০২১-২২’ এর খেলা শুরু করেছি এবং একই ধারাবাহিকতায় ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ’ এর খেলাও শুরু হবে।

আমি অভিনন্দন জানাতে চাই আবাহনী লিগ ঢাকা’কে চলমান মৌসুমের প্রথম ২টি শিরোপা ‘স্বাধীনতা কাপ ২০২১’ এবং ‘ফেডারেশন কাপ ২০২১’ চ্যাম্পিয়ন হওয়ার জন্য। এই কঠিন দুঃসময়ে ক্লাবসমূহকে আমাদের সাথে থাকার জন্য বিশেষভাবে ধন্যবাদ দিতে চাই।



The image shows the cover of the President's Monthly Statement for January 2022. It features a blue background with the Bangladesh Football Federation logo at the top right. The title 'PRESIDENT'S MONTHLY STATEMENT (January 2022)' is prominently displayed in yellow and white. Below the title is a photograph of Kazi Md. Salahuddin, the President, speaking at a microphone. The name 'Honorable President Kazi Md. Salahuddin' is written below the photo. At the bottom, there are social media icons for Instagram, Facebook, and Twitter, and the website address 'www.bff.com.bd'.

বাংলাদেশ অ-১৯ মহিলা জাতীয় ফুটবল দল দেশের মাটিতে ‘সার্ব অ-১৯ মহিলা চ্যাম্পিয়নশীপ ২০২১’ এ চ্যাম্পিয়ন হয়েছে এবং একটি সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে বসুন্ধরা গ্রুপ কর্তৃক তাদেরকে সম্মানিত করা হয়েছে। উক্ত সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমাদের সাফল্যসমূহ আমাদেরকে আরও কাজ করতে অনুপ্রাণিত করে।

আমাদের কর্মকর্তা, রেফারি এবং প্রশিক্ষকগণ ভারুয়াল প্রশিক্ষণ এবং প্রোগ্রামে অংশগ্রহণ করে যাচ্ছে। আমরা দায়িত্ব নিয়ে দেশব্যাপী ফুটবলের সার্বিক দিক নিয়ে কাজ করা প্রশিক্ষকদের জন্য কোচিং কোর্স সম্প্রসারণে পাইলট প্রকল্প চালিয়ে যাচ্ছি।

কোচিং সম্পর্কিত ‘বায়ুফে-এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স, মডিউল-৩’ এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২৯-০১-২০২২ তারিখ হতে ০২-০২-২০২২ তারিখ পর্যন্ত ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত কোচিং কোর্স ৫ দিনব্যাপী অনুষ্ঠিত হয় এবং উহাতে বাংলাদেশসহ দক্ষিণ কোরিয়া, মালদ্বীপ, ভারত, নেদারল্যান্ডস, ভুটান, অস্ট্রেলিয়া এবং যুক্তরাজ্য থেকে ফুটবল প্রশিক্ষকগণ অংশগ্রহণ করেছে।

বাংলাদেশ প্রিমিয়ার লীগ এ অংশগ্রহণকারী ক্লাবসমূহের ‘এএফসি চ্যাম্পিয়নশীপ লীগ’ এ অংশগ্রহণ করতে হলে টেকনিক্যাল স্টাফদের সর্বোচ্চ কোচিং লাইসেন্স থাকা অপরিহার্য এবং সেই প্রেক্ষিতে বর্ণিত প্রফেশনাল ডিপ্লোমা কোর্সের গুরুত্ব অপরিসীম। আমি সবাইকে আবারও ধন্যবাদ জানাই এবং ‘বায়ুফে-এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্স’ এর সুষ্ঠু আয়োজনে আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি।



মতিঝিলস্থ বাফুফে ভবনে চলমান আবাসিক মহিলা ফুটবল ক্যাম্প ও কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে 'বাফুফে এলিট ফুটবল একাডেমী' এর মাধ্যমে আমাদের যুব ফুটবলকে সম্প্রসারিত করা আমাদের অন্যতম উদ্দেশ্য। বাফুফে'র টেকনিক্যাল ডিরেক্টর মিঃ পল স্মিলির প্রত্যক্ষ তত্ত্বাবধানে আমাদের কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের প্রতিভাবান তরুণ খেলোয়াড়দের বিকাশের সম্ভাবনায় আমি আশাবাদী।

০৩-০১-২০২২ তারিখ হতে ২০-০১-২০২২ তারিখ পর্যন্ত কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে অ-১৬ ও অ-২০ খেলোয়াড়দের নিয়ে 'বাফুফে ট্যালেন্ট হান্ট প্রোগ্রাম' অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রামে দেশের বিভিন্ন জেলা হতে আগত মোট ৯০ জন খেলোয়াড় অংশগ্রহণ করে। বাছাইকৃত খেলোয়াড়গণ পরবর্তীতে 'বাফুফে এলিট ফুটবল একাডেমী'তে যোগদান করে। উক্ত খেলোয়াড়গণ 'সফ অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২', 'এএফসি অ-১৭ এশিয়ান কাপ ২০২৩, কোয়ালিফায়ার্স', 'সফ অ-২০ চ্যাম্পিয়নশীপ ২০২২' ও 'এএফসি অ-২০ এশিয়ান কাপ ২০২৩, কোয়ালিফায়ার্স' এর খেলায় অংশগ্রহণ করবে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক হিসেবে Mr. Javier Fernandez Cabrera Martin Penato কে নিয়োগ দেয়া হয়েছে এবং তিনি বাংলাদেশ জাতীয় দলের জন্য একটি নতুন গতিশীল কাঠামো তৈরি করতে সক্ষম হবেন মর্মে আশা করছি। তিনি একটি গতিশীল কাঠামো এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রশিক্ষকগণের সহিত একটি শক্তিশালী ম্যানেজমেন্ট ইউনিট হিসেবে কাজ করবেন। Mr. Javier Fernandez Cabrera Martin Penato কিছু নির্দেশিকা এবং দর্শনের অধীনে কাজ করবেন যা আমাদের ফুটবল উন্নয়ন এবং সঠিক কর্মক্ষমতার একটি উদাহরণ তৈরি করবে। সামনের যাত্রায় সাফল্য লাভে আমরা আশাবাদী।

আমরা চ্যালেঞ্জ মোকাবেলা করে এগিয়ে যাব, অবশ্যই অনিশ্চয়তা থাকবে, তবে আমি আত্মবিশ্বাসী যে আমরা সম্মিলিতভাবে সেগুলি কাটিয়ে উঠতে পারব। ফুটবলের উন্নয়নের লক্ষ্যে বাফুফে প্রতিজ্ঞাবদ্ধ এবং আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করে যাব।

ধন্যবাদ
